



## বাংলাদেশ রাষ্ট্রীয় চিকিৎসা অনুষদ

২০৩, শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরনী  
(৮৬, বিজয়নগর), ঢাকা-১০০০

[www.smfb.gov.bd](http://www.smfb.gov.bd)

স্মারকনং বা চি অ/ ৯৮ | ২৩ | ২২৫৫

তারিখঃ ২৭ NOV ২০২৩

### বিজ্ঞপ্তি

বিষয়ঃ স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের অধীনে পরিচালিত সরকারি/বেসরকারি আইএইচটি এবং ম্যাটস শিক্ষা প্রতিষ্ঠান থেকে পাশকৃত শিক্ষার্থীদের সনদ সত্যায়ন।

সূত্রঃ স্মারক নং ৫৯.০০.০০০০.১৪১.৩৬.০০১.২২.৮২৬

তারিখঃ ১৩ নভেম্বর/২০২৩

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সকল সরকারি/বেসরকারি আইএইচটি এবং ম্যাটস প্রতিষ্ঠান হতে পাশকৃত শিক্ষার্থীদের সনদসমূহ এবং দেশী শিক্ষার্থীদের বৈদেশিক প্রশিক্ষণ বা বিদেশে উচ্চতর শিক্ষার জন্য স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের সত্যায়ন প্রয়োজন হয়। এমতাবস্থায় উক্ত সনদ সত্যায়নের জন্য অনুষদের মাধ্যমে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করা হইল।

সংযুক্তিঃ...০২...পাতা।

(ডাঃ মোঃ সাহিফুল ইসলাম)

সচিব (ভারপ্রাপ্ত)

বাংলাদেশ রাষ্ট্রীয় চিকিৎসা অনুষদ

ই-মেইলঃ [smf.secy@gmail.com](mailto:smf.secy@gmail.com)

ফোন নং- ২২৩৩৮৪০৪৯

বিতরণঃ

১। অধ্যক্ষ,.....

(সকল সরকারি/বেসরকারি ইনস্টিটিউট অব হেলথ টেকনোলজি সমূহ)

২। অধ্যক্ষ,.....

(সকল সরকারি/বেসরকারি মেডিকেল এ্যাসিস্ট্যান্ট ট্রেনিং স্কুল সমূহ)

অবগতি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১। সিনিয়র সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।

২। সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

৩। যুগ্মসচিব (চিকিৎসা শিক্ষা অনুবিভাগ) স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ।

৪। যুগ্মসচিব (চিকিৎসা শিক্ষা অধিশাখা) স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ।

A/O  
20/11/23

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ  
চিকিৎসা শিক্ষা-২ শাখা  
www.mefwd.gov.bd


স্মারক নং-৫৯.০০.০০০০.১৪১.৩৬.০০১.২২-৬২৬

তারিখ: ২৮ কার্তিক ১৪৩০  
১৩ নভেম্বর ২০২৩

বিষয়: স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের অধীনে পরিচালিত সরকারি ও বেসরকারি মেডিকেল কলেজসহ অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠান থেকে পাশকৃত শিক্ষার্থীদের সনদ সত্যায়ন।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিভিন্ন সরকারি ও বেসরকারি মেডিকেল কলেজসহ অন্যান্য স্বাস্থ্য শিক্ষা প্রতিষ্ঠান হতে পাশকৃত বিদেশী শিক্ষার্থীদের সনদপত্রসমূহ এবং দেশী শিক্ষার্থীদের বৈদেশিক প্রশিক্ষণ বা বিদেশে উচ্চতর পড়াশুনার জন্য স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের সত্যায়ন প্রয়োজন হয়। এ সংক্রান্ত কার্যক্রমের জন্য দু'জন কর্মকর্তাকে মনোনীত করা রয়েছে। কিন্তু সনদসমূহ সংশ্লিষ্ট প্রতিষ্ঠান হতে প্রেরণ না করে শিক্ষার্থীরা ব্যক্তিগতভাবে নিয়ে আসেন বিধায় সনদসমূহ যথাযথভাবে যাচাই করা সম্ভব হয় না। সনদসমূহ সংশ্লিষ্ট প্রতিষ্ঠান সরকারি ও বেসরকারি মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ, নার্সিং কলেজ/নার্সিং ইনস্টিটিউট, আইএইচটি ও ম্যাটস হতে স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর এবং বাংলাদেশ রাষ্ট্রীয় চিকিৎসা অনুষদ-এর মাধ্যমে এ বিভাগে সত্যায়নের জন্য প্রেরণ করা হলে তা নির্ভুলভাবে সঠিক প্রক্রিয়ায় যাচাই করা সম্ভব হবে।

০২। এমতাবস্থায়, সরকারি ও বেসরকারি মেডিকেল কলেজসহ অন্যান্য স্বাস্থ্য শিক্ষা প্রতিষ্ঠান থেকে শিক্ষার্থীদের প্রদত্ত সনদ সত্যায়নের ক্ষেত্রে স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর এবং বাংলাদেশ রাষ্ট্রীয় চিকিৎসা অনুষদ-এর মাধ্যমে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

  
২৬.১১.২০২৩  
(মাহবুবা বিলকিস)  
উপসচিব  
ফোন-৫৫১০০৬৯০  
me2@mefwd.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৩। সচিব, বাংলাদেশ রাষ্ট্রীয় চিকিৎসা অনুষদ, ২০৩ শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরনী (৮৬ বিজয়নগর), ঢাকা।
- ৪। অধ্যক্ষ, বেসরকারি ..... মেডিকেল কলেজ, .....
- ৫। অধ্যক্ষ, বেসরকারি ..... ডেন্টাল কলেজ/ ডেন্টাল ইউনিট, .....
- ৬। অধ্যক্ষ, বেসরকারি ..... ইনস্টিটিউট অব মেডিকেল টেকনোলজি (আইএইচটি), .....
- ৭। অধ্যক্ষ, বেসরকারি ..... মেডিকেল এ্যাসিস্টেন্ট ট্রেনিং স্কুল (ম্যাটস), .....
- ৮। অধ্যক্ষ, বেসরকারি ..... নার্সিং কলেজ, .....
- ৯। অধ্যক্ষ, বেসরকারি ..... নার্সিং ইনস্টিটিউট, .....
- ১০। অধ্যক্ষ, বেসরকারি ..... হোমিওপ্যাথিক মেডিকেল কলেজ ও হাসপাতাল, .....
- ১১। অধ্যক্ষ, বেসরকারি ..... ইউনানী ও আয়ুর্বেদিক মেডিকেল কলেজ ও হাসপাতাল, .....

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। সিনিয়র সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
- ২। অধ্যক্ষ, .....
- ৩। মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ৪। উপসচিব (চিকিৎসা শিক্ষা-১ শাখা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ।
- ৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৬। সিনিয়র সহকারী সচিব (নার্সিং শিক্ষা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ।
- ৭। যুগ্মসচিব (চিকিৎসা শিক্ষা অনুবিভাগ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ।
- ৮। যুগ্মসচিব (চিকিৎসা শিক্ষা অধিশাখা/নার্সিং শিক্ষা অধিশাখা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ।